



অতিরিক্ত স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

বাজেট শাখা

www.shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.০০০.০৬৪.২০.০০১১.২৬-১৫২০

তারিখ: ০৮ আশ্বিন ১৪৩৩

২৩ সেপ্টেম্বর ২০২৬

পুনঃবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের পরিচালন বাজেটের আওতায় বিশেষ অনুদান হিসেবে বরাদ্দকৃত অর্থ বিতরণের লক্ষ্যে ১৫ ফেব্রুয়ারি থেকে ১৬ এপ্রিল, ২০২৬ পর্যন্ত মাইগড প্ল্যাটফর্মের মাধ্যমে অনলাইনে আবেদন গ্রহণ করা হয়। কিন্তু নির্ধারিত প্রাপ্যতা অনুযায়ী কাক্ষিত সংখ্যক যোগ্য প্রার্থী পাওয়া যায়নি। এছাড়া প্রত্যন্ত, দুর্গম, উপকূলীয়, চরাঞ্চল, হাওড় ও অনগ্রসর এলাকার সম্ভাব্য যোগ্য প্রার্থীদের অনলাইনে আবেদনের সুযোগ সীমিত থাকায় অনেক যোগ্য প্রার্থী এ অনুদান প্রাপ্তি থেকে যেন বঞ্চিত না হয় সে লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বেসরকারি সাধারণ শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষক-কর্মচারী এবং সরকারি ও বেসরকারি সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের নিকট হতে নিম্নোক্ত শর্তে আবেদন (ম্যানুয়াল) আহবান করা যাচ্ছে:

১। আবেদনের ক্যাটাগরি

- বেসরকারি সাধারণ শিক্ষা প্রতিষ্ঠান (এম.পি.ও এবং নন এম.পি.ও): মেরামত ও সংস্কার, আসবাবপত্র ও শিক্ষা উপকরণ সংগ্রহ, খেলাধুলার সরঞ্জাম সংগ্রহ, প্রতিষ্ঠানকে প্রতিবন্ধীবাধ্ব করা এবং পাঠাগার উন্নয়ন;
- বেসরকারি সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী: দুরারোগ্য ব্যাধি ও দৈব দুর্ঘটনাজনিত কারণে আর্থিক সহায়তা;
- সরকারি ও বেসরকারি সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানে (৬ষ্ঠ শ্রেণি হতে স্নাতক/স্নাতকোত্তর) পর্যায় পর্যন্ত অধ্যয়নরত ছাত্র-ছাত্রী: দুরারোগ্য ব্যাধি ও দৈব দুর্ঘটনায় আক্রান্ত, দুস্থ, মেধাবী, এতিম, অদম্য মেধাবী ও দরিদ্র, প্রতিবন্ধী, তৃতীয় লিঙ্গ, অসহায়, অনগ্রসর সম্প্রদায়, উপকূলীয়, চরাঞ্চল, হাওড় ও প্রত্যন্ত এলাকার শিক্ষার্থীগণ অগ্রাধিকার পাবেন।

২। আবেদন প্রেরণ পদ্ধতি

- শিক্ষা প্রতিষ্ঠানের অনুকূলে অনুদান প্রাপ্তির জন্য স্ব স্ব প্রতিষ্ঠানের প্রধান/প্রধান শিক্ষক কর্তৃক নির্ধারিত ফরমে আবেদন করতে হবে;
- মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে শিক্ষক-কর্মচারী এবং ছাত্র-ছাত্রী ক্যাটাগরিতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান/প্রধান শিক্ষক/অধ্যক্ষ এর মাধ্যমে এবং স্নাতক/সম্মান ও স্নাতকোত্তর পর্যায়ে ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধান/অধ্যক্ষ/রেজিস্ট্রার এর মাধ্যমে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে;
- প্রতিষ্ঠান প্রধান/অধ্যক্ষ/প্রধান শিক্ষক/রেজিস্ট্রার আবেদনসমূহ গ্রহণ করে প্রাথমিক যাচাই শেষে একত্র করে নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর প্রেরণ করবেন;
- অনলাইন এবং ম্যানুয়াল পদ্ধতিতে একই আবেদন যেন সুপারিশপ্রাপ্ত না হয় এমন দ্বৈততা পরিহারের লক্ষ্যে জেলা কমিটি হতে ইতোপূর্বে প্রেরিত (অনলাইন আবেদন) সুপারিশকৃত তালিকা এবং এ বিজ্ঞপ্তির আওতায় (ম্যানুয়াল) প্রাপ্ত তালিকা সমন্বিত করে একটি পূর্ণাঙ্গ তালিকা প্রস্তুতপূর্বক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রেরণ করতে হবে;
- নির্ধারিত আবেদন ফরম এ বিভাগের ওয়েবসাইট (www.shed.gov.bd) এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়ের ওয়েবসাইট এ পাওয়া যাবে।

৩। আবেদনের সময়সীমা: প্রতিষ্ঠান প্রধান/অধ্যক্ষ/প্রধান শিক্ষক/রেজিস্ট্রার এর মাধ্যমে প্রাপ্ত আবেদনসমূহ জেলা কমিটি কর্তৃক যাচাইপূর্বক সুপারিশকৃত তালিকা আগামী ১৫ অক্টোবর, ২০২৬ বিকাল ৪.০০ ঘটিকা (অফিস চলাকালীন সময়) এর মধ্যে সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বরাবর পৌছাতে হবে। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত কোনো আবেদন বিবেচনা করা হবে না।



৪। আবেদনের সাথে প্রদত্ত সংযুক্তি

- (ক) যথাযথভাবে পূরণকৃত, প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রতীক্ষাক্রিত (প্রত্যয়নপত্রসহ) এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক সুপারিশকৃত নির্ধারিত আবেদন ফরম;
- (খ) দুরারোগ্য/জটিল ও ব্যয়বহুল রোগের ক্ষেত্রে (ক্যান্সার, হৃদরোগ, কিডনি ব্যাধি, হেপাটাইটিস, ডায়াবেটিস মেলিটাস, পক্ষাঘাত, বক্ষব্যাধি, কৃত্রিম অঙ্গ-প্রত্যঙ্গ সংযোজন ও দুর্ঘটনায় মারাত্মকভাবে আহত) সরকারি হাসপাতালের নিবন্ধিত চিকিৎসক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র, চিকিৎসাপত্র ও প্রাসঙ্গিক কাগজপত্র;
- (গ) প্রতিবন্ধিতার ক্ষেত্রে সংশ্লিষ্ট সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রদত্ত 'প্রতিবন্ধী সনদ';
- (ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদের কপি এবং শিক্ষার্থীর ক্ষেত্রে অধ্যয়নরত থাকার প্রত্যয়নপত্র;
- (ঙ) শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে স্বীকৃতির কপি, EIIN নম্বর, প্রতিষ্ঠানের নামে পরিচালিত তফসিলি ব্যাংক হিসাবের বিবরণ (হিসাব নম্বর, শাখা, রাউটিং নম্বর চেক বইয়ের পাতা, ব্যাংক স্টেটমেন্টের কপি) এবং শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীদের নিজ নামে পরিচালিত তফসিলি ব্যাংক হিসাবের বিবরণ (হিসাব নম্বর, শাখা, রাউটিং নম্বর চেক বইয়ের পাতা) সংযুক্ত করতে হবে।

৫। শর্তাবলি ও বিশেষ নির্দেশনা

- (ক) কোনো আবেদনকারী অনলাইনে আবেদন করে থাকলে পুনরায় ম্যানুয়াল পদ্ধতিতে আবেদন করার প্রয়োজন নেই। আবেদন করলে দুইটি আবেদনই বাতিল বলে গণ্য হবে;
- (খ) শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষক-কর্মচারী চাকরি জীবনে সর্বোচ্চ ০২ (দুই) বার এ সুবিধা ভোগ করতে পারবেন। কোনো ছাত্র/ছাত্রী তার শিক্ষাজীবনে প্রতি ০৩ (তিন) বছর পরপর আবেদন করতে পারবে;
- (গ) একই সময়ে অন্য কোনো সরকারি অনুদান প্রাপ্ত হলে এ আবেদনের জন্য যোগ্য বিবেচিত হবেন না। তবে ছাত্র-ছাত্রীর ক্ষেত্রে সরকার কর্তৃক প্রদত্ত সাধারণ উপবৃত্তি ও মেধাবৃত্তি এ নীতিমালার আওতামুক্ত থাকবে;
- (ঘ) যে সকল প্রতিষ্ঠানে শিক্ষা প্রকৌশল অধিদপ্তর/অন্য কোনো সংস্থার মাধ্যমে নির্মাণ/সংস্কার/রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কার্যক্রম বা উক্ত অর্থবছরে সমাপ্ত/চলমান প্রকল্প রয়েছে, সে সকল প্রতিষ্ঠানের আবেদন বিবেচিত হবে না;
- (ঙ) ইতোপূর্বে অনলাইনে আবেদনকারী এবং ম্যানুয়াল পদ্ধতিতে আবেদনকারী উভয়ের ক্ষেত্রে সকল শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী এবং শিক্ষার্থীদের ব্যাংক অ্যাকাউন্টে অনুদানের অর্থ প্রদান করা হবে। সেক্ষেত্রে অপ্রাপ্ত বয়স্ক যে সকল শিক্ষার্থীর জাতীয় পরিচয়পত্র নেই তাদের পিতা/মাতার সাথে যৌথ নামে এবং প্রাপ্ত বয়স্ক শিক্ষার্থীদের নিজ নামে যে কোনো তফসিলি ব্যাংকে একাউন্ট থাকা বাধ্যতামূলক;
- (চ) অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সংবলিত কিংবা প্রয়োজনীয় কাগজপত্র বিহীন আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে;
- (ছ) আবেদন বা সুপারিশকে অর্থ প্রাপ্তির অধিকার হিসেবে গণ্য করা যাবে না। এ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;
- (জ) ম্যানুয়াল পদ্ধতিতে প্রাপ্ত আবেদনসমূহ জেলা পর্যায়ের কমিটি অনলাইন পদ্ধতির ন্যায় একই যোগ্যতা, শর্ত ও অগ্রাধিকার অনুসরণ করে যাচাই-বাছাই করবে;
- (ঝ) বিজ্ঞপ্তিতে উল্লেখিত আবেদনের শর্তাবলী অমান্যকারী/অসুদপায় অবলম্বনকারীর বিরুদ্ধে কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে;
- (ঞ) সকল জেলা শিক্ষা অফিসার এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার তীর আওতাধীন মাধ্যমিক পর্যায়ের (সরকারি-বেসরকারি) সাধারণ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে আবেদনকারীদের সর্বাঙ্গিক সহযোগিতা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করবেন;
- (ট) ম্নাতক ও তদুর্ধ্ব/সমমান পর্যায়ের সকল (সাধারণ) শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/রেজিস্ট্রার মহোদয়গণকে আবেদনকারীদের সর্বাঙ্গিক সহযোগিতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো;
- (ঠ) সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জেলা শিক্ষা অফিসার ও মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয় এর নোটিশ বোর্ড এবং ওয়েবসাইটসহ অন্যান্য মাধ্যমে অনুদান প্রদান সংক্রান্ত এ বিজ্ঞপ্তি ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

26/03/24
(মোহা: নাজমুন নাহার)
যুগ্মসচিব

ফোন: ২২৩৩৫৩৭৭৩

Js.budget@moedu.gov.bd